

**২০ (কুড়ি) একর পর্যন্ত বন্ধ খাস জলাশয় সমূহের ১৪৩১ বাংলা সন হতে ১৪৩৩ বাংলা সনের
ইজারা দরপত্র বিজ্ঞপ্তি**

এতদ্বারা ফুলছড়ি উপজেলাধীন সকল নিবন্ধনকৃত মৎস্যজীবী সমবায় সমিতিকে জানানো যাচ্ছে যে, ফুলছড়ি উপজেলার ২০ (কুড়ি) একর পর্যন্ত বন্ধ খাস জলাশয়সমূহ ১৪৩১ বাংলা সনের ১লা বৈশাখ হতে ১৪৩৩ বাংলা সনের ৩০শে চৈত্র পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদী ইজারা প্রদানের জন্য নির্ধারিত ফরমে দরপত্র সিডিউলের মাধ্যমে বিজ্ঞপ্তির তথ্যাদি ও শর্তসমূহের ভিত্তিতে সীলমোহর যুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

জলমহালের তালিকা:

ক্র.নং	ইউনিয়নের নাম	জলমহালের নাম	আয়তন (একরে)	সরকারি মূল্য	সিডিউলের মূল্য	মন্তব্য
১	উদাখালী	পেত্তানিকুড়া বিল	১.২৩ একর	৩,২৫,৫০০/-	৫০০/-	উল্লেখ্য যে, আবেদন/দরপত্র দাতাকে দরপত্রের উদ্বৃত্ত মূল্যের ২০% অর্থ ব্যাংক ড্রাফটের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারী বরাবর আবেদন/দরপত্রের সাথে জামানত হিসেবে জমা দিতে হবে। জামানতের অর্থ ইজারা মূল্য পরিশোধের সময় সমন্বয় করা হবে। গৃহীত অর্থ দরদাতাকে ডাকের উপর ১৫% হারে মূল্য সংযোজন কর ও ১০% হারে আয়কর হিসেবে জমা দিতে হবে।
২	গজারিয়া	গজারিয়া জলকর	০.৮৮ একর	৩,২০,২৫০/-	৫০০/-	
৩	কঙ্কিপাড়া+উড়িয়া	কেতকির বিল	১০.২৮ একর	২৬,২৫০/-	৫০০/-	
৪	কঙ্কিপাড়া	কারারদহ বিল	০.৩৬ একর	২,৭০০/-	৫০০/-	

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০ একর পর্যন্ত (বন্ধ) সরকারি জলমহাল ব্যবস্থাপনা সিডিউল:

ক্র.নং	তারিখ	গৃহীত কার্যক্রম
০১	০১ মাঘ থেকে ০৫ মাঘের মধ্যে	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় কর্তৃক বিজ্ঞপ্তির মাধ্যমে সাধারণ আবেদনে জলমহাল ইজারার আবেদন আহবান।
০২	০৬ মাঘ থেকে ২৫ মাঘের মধ্যে	অনলাইনে ইজারার আবেদন দাখিল।
০৩	২৬ মাঘ থেকে পরবর্তী ৩ (তিন) কার্যদিবসের মধ্যে	অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল।
০৪	০৬ ফাল্গুনের মধ্যে	অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই।
০৫	১৫ ফাল্গুনের মধ্যে	উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন।
০৬	২৯ ফাল্গুনের মধ্যে	ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন।
০৭	০৭ চৈত্রের মধ্যে	উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারা গ্রহীতাকে অবহিতকরণ।
০৮	২৩ চৈত্রের মধ্যে	ইজারা গ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারা মূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারা গ্রহীতার সাথে চুক্তি সম্পাদন।
০৯	১লা বৈশাখ	ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া।

- অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত মৎস্যজীবী সমিতির সভাপতি/সম্পাদককে মন্ত্রণালয়ের ওয়েব সাইটে অথবা jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েব সাইটে আপলোড করা হয়েছে।
- অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমার ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে আবেদনের সকল তথ্যাদির প্রিন্ট কপিসহ জলমহাল ইজারার জন্য জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে সংশ্লিষ্ট জেলা/উপজেলায় দাখিল করতে হবে। সীলগালাকৃত উল্লিখিত খামের উপরিভাগে ‘**জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন**’ কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বাম পাশে নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখিত থাকতে হবে।

(বি:দ্র: ভূমি মন্ত্রণালয়ের সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ এবং ভূমি মন্ত্রণালয় সায়রা-১ এর ০৮-১১-২১খ্রি: তারিখের ১২০নং স্মারকের পরিপত্র অনুযায়ী সকল বিষয় নির্ধারিত)

স্বাক্ষরিত/-
আবু সাঈদ
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ফুলছড়ি, গাইবান্ধা।